গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান নিয়ন্ত্রকের কার্যালয়
ঢাকা রেশনিং
২৯৯, জুরাইন, ঢাকা-১২০৪
http://ccdr.dhaha.gov.bd

## নোটিশ

ঢাকা মহানগরের আওতাধীন খাদ্যশস্য/ধান-চাল/গম ও গমজাত দ্রব্য/ভোজ্য তেল (সয়াবিন ও পামওয়েল), চিনি ও ডাল এর লাইসেন্স প্রাপ্ত সকল ব্যবসায়ী, আমদানীকারক ও ডিলারগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তাঁদের অনুকূলে ইস্যুকৃত খাদ্যশস্যের লাইসেন্সের মেয়াদ আগামী ৩০-০৬-২০২০ তারিখে উত্তীর্ণ হবে। সে কারণে উক্ত তারিখের পূর্বেই তাঁদের স্ব-স্ব লাইসেন্স ২০২০-২১ অর্থ বছরে নবায়নের জন্য নির্ধারিত 'ফি'(ভ্যাটসহ) আগামী ৩০-০৬-২০২০ তারিখের মধ্যে (চালান পাশপূর্বক) বাংলাদেশ ব্যাংকে জমা দিয়ে চালানের মূল কপি সংশ্লিষ্ট দপ্তরে দাখিল করার জন্য অনুরোধ করা যাচ্ছে। চালান পাশকালে অবশ্যই লাইসেন্সের হাল নাগাদ কপি দেখাতে হবে। উল্লেখ্য, নির্ধারিত ৩০-০৬-২০২০ তারিখের মধ্যে নবায়ন 'ফি' জমা দিতে ব্যর্থ হলে ইস্যুকৃত লাইসেন্স আপনা আপনি বাতিল হয়ে যাবে।

### লাইসেন্স ফি'র তথ্যাদি নিম্নে প্রদত্ত হলো

| ক্রমিক নং | লাইসেন্সের ধরণ | লাইসেন্স ফি (টাকা) | নাবয়ন ফি (টাকা) | যে দপ্তর থেকে লাইসেন্স ইস্যু ও নবায়ন হবে। | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | আমদানীকারক | ১০০০০/- | ৫০০০/- | ক্রমিক নং-১, ২, ৪, ৫ ও ৭ এর অন্তর্ভুক্ত ব্যবসায়ীদের লাইসেন্স নবায়ন ও ইস্যু করণের আবেদন সুপারিশসহ সংশ্লিষ্ট এ.আর.ওগণ অত্র দপ্তরে দাখিল করবেন। | লাইসেন্স ফি / নবায়ন ফি'র উপর ১৫% ভ্যাট চালানের মাধ্যমে প্রদান করতে হবে। |
| ২ | পাইকারী ব্যবসায়ী ও আড়তদার | ৫০০০/- | ২৫০০/- | | |
| ৩ | খুচরা ব্যবসায়ী | ১০০০/- | ৫০০/- | | |
| ৪ | মেজর কমপেক্ট ময়দা মিল | ৩০০০/- | ১৫০০/- | | |
| ৫ | রোলার ময়দা কল | ১০০০/- | ৫০০/- | | |
| ৬ | আটা (চাক্কি) | ৬০০/- | ৩০০/- | | |
| ৭ | ওএমএস ডিলার (ট্রাকসেল/ফেয়ার প্রাইস/ চতুর্থ শ্রেণীর সরকারী কর্মচারী) | ১০০০/- | ৫০০/- | | |

ক) এফ.জি লাইসেন্স নবায়ন ফি কোড নং- ১-৪৮৩১-০০০১-১৮৫৪
খ) ভ্যাট কোড নং- ১-১১৩৩-০০৩০-০৩১১

উল্লেখ্য, যে সকল খাদ্যশস্য ব্যবসায়ী এস.আর.ও নং-১১২ তাং-০৪-০৫-২০১১ অনুযায়ী এখনও লাইসেন্স গ্রহণ করেননি তাদেরকে নতুন অর্থ বছরের শুরুতেই লাইসেন্স গ্রহণ করতে হবে।সংশ্লিষ্ট এ.আর.ও.গণ এ বিষয়ে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করবেন।

স্বা/-
উৎপল কুমার সাহা
প্রধান নিয়ন্ত্রক
ঢাকা রেশনিং,ঢাকা

স্মারক নং-১৩.০১.০০০০.৩৪০.৪৮.০৭০.১৪. (অংশ-১)- ৭৭৫(১৭) তারিখ ঃ ১৭-০৫-২০২০ খ্রি.

অনুলিপি ঃ- সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে

১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা
২। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা
৩। পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
৪-৫। সহকারী নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা। প্রাপ্ত রেকর্ড পত্র যথাযথভাবে যাচাই করার জন্য বলা হল
৬-১৪। এলাকা রেশনিং কর্মকর্তা, রেশনিং এলাকা ডি-১,ডি-২,ডি-৩,ডি-৪, ডি-৫, ডি-৬, ডি-৭, ডি-৮ ও ডি-৯, ঢাকা রেশনিং, ঢাকা তাঁর এলাকাধীন সকল ব্যবসায়ীগণকে বিশেষ বিজ্ঞপ্তি বিতরণ করে এবং ডিলারগণকে বিষয়টি অবহিত করে সকল প্রকার রেকর্ড পত্রের সঠিকতা ও হালনাগাদ যাচাই করে ইস্যুকৃত লাইসেন্সসমূহ নবায়ন এবং নতুন লাইসেন্স প্রদানের কার্যকরী ব্যবস্থা নিবেন। তদারকিতে নিয়োজিত খাদ্য পরিদর্শক/উপ-খাদ্য পরিদর্শক/সহঃ উপ-খাদ্য পরিদর্শকগণকে দায়িত্ব নির্দিষ্ট করে দেয়ার জন্য বলা হল। ইস্যুকৃত লাইসেন্সসমূহ যদি নবায়ন না হয়ে থাকে তবে কি কারণে নবায়ন হয়নি তার যথাযথ ব্যাখ্যাসহ প্রতিবেদন দাখিল করতে বলা হলো
১৫। নোটিশ বোর্ড, ঢাকা রেশনিং, ঢাকা
১৬। মাষ্টার কপি
১৭। অফিস কপি

প্রধান নিয়ন্ত্রক
ঢাকা রেশনিং ঢাকা।

H:\Nezarot (kamal)\FG LICENSE.2017-19\FG License_2017-2019.doc